



হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্র-ইরান পাল্টাপাল্টি হামলা



সংগৃহীত ছবি

উপসাগরীয় অঞ্চলে আবারও বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র ও ইরান। উভয় পক্ষই একে অপরের গুরুত্বপূর্ণ সামরিক লক্ষ্যবস্তুতে আঘাত হানার দাবি করেছে। এতে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিকে কেন্দ্র করে নতুন করে চরম উত্তেজনা তৈরি হয়েছে।

যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, আত্মরক্ষামূলক পদক্ষেপ হিসেবে তারা ইরানের গোয়ালক ও কেশম দ্বীপে অভিযান চালিয়েছে। তাদের দাবি, হামলায় ইরানের ড্রোন নিয়ন্ত্রণ কেন্দ্র, রাডার এবং দুটি ড্রোন ধ্বংস করা হয়েছে, যা আন্তর্জাতিক জাহাজের জন্য হুমকি ছিল। এই হামলায় কোনো মার্কিন সেনা হতাহত হয়নি।

পাল্টা জবাবে ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানিয়েছে, মার্কিন ব্যবহৃত একটি বিমানঘাঁটিতে তারা আঘাত হেনেছে। সিরির দ্বীপে ইরানি যোগাযোগ টাওয়ারে মার্কিন হামলার প্রতিশোধ হিসেবে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। একই সঙ্গে তেহরান সতর্ক করেছে, যুক্তরাষ্ট্র আবারও এমন করলে এর ফল হবে সম্পূর্ণ ভিন্ন।

এই সংঘাতের জেরে কুয়েতের সেনাবাহিনী জানিয়েছে, তারা তাদের আকাশসীমায় বেশ কিছু ক্ষেপণাস্র ও ড্রোন হামলা প্রতিহত করেছে।

উল্লেখ্য, গত ৮ এপ্রিল একটি সাময়িক যুদ্ধবিরতি কার্যকর হলেও এখন পর্যন্ত কোনো স্থায়ী সমঝোতা হয়নি। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি চুক্তির দাবি করলেও বাস্তবে এখনো কোনো আনুষ্ঠানিক চুক্তি সই হয়নি।